

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৪.২০১৬-

তারিখঃ-----খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব মোঃ তোফাজ্জেল হোসেন, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর ঝিকরগাছা, যশোর কর্তৃক ক্ষুদ্রঋণ কার্য-নির্দেশিকা অনুযায়ী একজন প্রশিক্ষিত যুবকে সর্বোচ্চ ৩ দফা পর্যন্ত ঋণ দেয়ার বিধান থাকলেও তা প্রতিপালন না করে উক্ত কার্যালয় হতে ৩ জন ঋণীকে ৪-৬ দফা পর্যন্ত ঋণ প্রদান করার অভিযোগে অধিদপ্তরের ৯-৫-২০১৭ খ্রিঃ তারিখের ৯০ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫-এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ১৮-৬-২০১৭ খ্রিঃ তারিখে নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক অভিযুক্তের ব্যক্তিগত গুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত গুনানীকালে তিনি লিখিত জবাবে প্রদত্ত বক্তব্যের পুনরাবৃত্তি করেন এবং বলেন যে, ঋণের(আত্মকর্ম) নিয়মাচার সম্পর্কে সম্যক ধারণা তার ছিল না। কেননা পূর্বে পরিবারভিত্তিক কর্মসূচিতে কাজ করেছেন। দফা অতিক্রম করে দেয়া ঋণ ইতোমধ্যে ঋণীরা পরিশোধ করেছেন। ভবিষ্যতে দফা অতিক্রম করে আর কোন ঋণ দেবেন না বলে অঙ্গীকার করেন এবং কৃত ভুলের জন্য অনুতাপ প্রকাশ করে ক্ষমা চান।

যেহেতু, অভিযুক্তের প্রদত্ত বক্তব্যের প্রেক্ষিতে নথিপত্র পর্যালোচনায় দেখা যায় দফা অতিক্রম করে প্রদত্ত ঋণের টাকা পরিশোধ হয়েছে মর্মে সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রত্যয়ন রয়েছে। অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে পূর্বে কোন বিভাগীয় অভিযোগ ছিল না। এমতাবস্থায় প্রথমবারের অপরাধ হিসেবে বিবেচনায় নিয়ে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, এক্ষণে অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ তোফাজ্জেল হোসেন, ক্রেডিট সুপারভাইজার-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেয়া হলো। তবে ভবিষ্যতে এহেন আচরণ হতে বিরত থাকতে তাকে সতর্ক করা হলো।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন-৯৫৫৯৩৮৯।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৪.২০১৬- ১২০

তারিখঃ ২-৭-২০১৭খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যশোর।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঝিকরগাছা, যশোর।
- ০৬। জনাব মোঃ তোফাজ্জেল হোসেন, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঝিকরগাছা, যশোর।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি/ গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃংখলা)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।